Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra

GENEVA DECLARATION

U N D P

সুইজারল্যান্ড সরকার ও UNDP কর্তৃক আয়োজিত
সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণার নিরীক্ষণ সম্মেলন
জেনেভা, ১২ সেপ্টেম্বর ২০০৮
সম্মেলন বিবৃতি

আমরা ৮৫টি দেশের প্রতিনিধিরা, ৭ জুন ২০০৬ তারিখে গৃহীত সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণার অগ্রগতির মূল্যায়ন করতে এবং এর লক্ষ্যমাত্রাগুলো অর্জনের জন্য আমাদের সমর্থন ও অঙ্গীকার ব্যক্ত করার উদ্দেশ্যে আজ জেনেভাতে একত্রিত হয়েছি।

আমরা কার্যক্রম গ্রহণের মাধ্যমে, আর্থ-সামাজিক ও মানব উন্নয়নের উপর নেতিবাচক প্রভাব বিস্তারকারী সশস্ত্র সংঘাত হ্রাস করার জন্য টেকসই উন্নতি এবং শান্তির সংস্কৃতিকে তুলে ধরার মধ্য দিয়ে, আজ পর্যন্ত সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণার বাস্তবায়নের জন্য যে প্রচেষ্টা নেয়া হয়েছে তার প্রশংসা করছি।

আমরা স্বীকৃতি জ্ঞাপন করছি যে, উন্নয়ন, শান্তি, এবং নিরাপত্তা ও মানবাধিকার পরস্পর সম্পর্কযুক্ত ও একে অপরকে প্রভাবিত করে, এবং সশস্ত্র সংঘাতের ফলে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাগুলোর অর্জন ব্যহত হতে পারে।

আমরা স্বীকৃতি জানাচ্ছি যে, জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উন্নয়ন নীতিসমূহ সশস্ত্র সংঘাত প্রতিরোধের জন্য গুরুত্বপূর্ণ উপাদান প্রদান করে এবং এই পরিপ্রেক্ষিতে আমরা সশস্ত্র সংঘাত প্রতিরোধ ও হ্রাস করে বৈশ্বিক, আঞ্চলিক, জাতীয়, ও স্থানীয় পর্যায়ে, ভবিষ্যৎ প্রজন্মের জন্য, টেকসই উন্নয়নের সম্ভাবনাকে বাড়াবার উদ্দেশ্যে একত্রে কাজ চালিয়ে যাবার জন্য অঙ্গীকারবদ্ধ।

৯৪টি রাষ্ট্রের সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণা গ্রহণ ও সেসব রাষ্ট্র কর্তৃক আরও দেশসমূহকে এই ঘোষণা গ্রহণে উৎসাহ প্রদানের বিষয়টিকে আমরা স্বাগত জানাচ্ছি।

আমরা প্রশংসা জানাচ্ছি, গুয়েতেমালা, কেনিয়া ও থাইল্যান্ডের সরকারসমূহকে, সশস্ত্র সংঘাত ও উন্নয়ন বিষয়ে বেশ কিছু আঞ্চলিক সম্মেলন আয়োজনের উদ্যোগ নেবার জন্য, যে সম্মেলনগুলো হতে সশস্ত্র সংঘর্ষ ঘটার সাথে সম্পর্কিত আঞ্চলিক ও জাতীয় বিষয়সমূহ বিবেচনায় নিয়ে সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত আঞ্চলিক ঘোষণা গ্রহণ করা হয়েছে ।

সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত আঞ্চলিক ঘোষণাগুলো বাস্তবায়নের জন্য আমরা রাষ্ট্র ও সংশ্লিষ্ট আন্তর্জাতিক ও আঞ্চলিক প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ দিচ্ছি।

আমারা স্বীকার করছি যে, নিজস্ব এলাকার অভ্যন্তরে সশস্ত্র সংঘাত প্রতিরোধ, হ্রাস ও নির্মূল করার প্রাথমিক দায়িত্ব রাষ্ট্র বহন করে, যার মধ্যে রয়েছে i) সংঘাতের শান্তিপূর্ণ সমাধান ii) মানবাধিকারকে সম্মান ও রক্ষা করা, এবং iii) টেকসই উন্নয়ন ও শান্তির সংস্কৃতিকে তুলে ধরা।
আমরা ২০১৫ সালের মধ্যে সশস্ত্র সংঘাতের ক্ষতিকে পরিমাপণীয়ভাবে কমিয়ে আনার প্রচেষ্টাকে স্মরণ করছি, এবং Framework of Implementation এ সুপারিশকৃত বাস্তবসম্মত ব্যবস্থাসমূহের মাধ্যমে জেনেভা ঘোষণার বাস্তবায়নকে তুলে ধরার জন্য যে কাজ সম্পাদিত হয়েছে তার প্রশংসা করছি।

জেনেভা ঘোষণার বাস্তবায়নকে এগিয়ে নেবার জন্য একটি অত্যাবশ্যকীয় উপাদান হিসেবে মেয়ে, মহিলা, ছেলে ও পুরুষের উপর সশস্ত্র সংঘাত সংশ্লিষ্ট প্রভাবের মুল্যায়ন অব্যাহত রাখাকে আমরা স্বাগত জানাচ্ছি ও উৎসাহ প্রদান করছি।

জাতীয় নীতিমালার অংশ হিসেবে টেকসই আর্থ-সামাজিক উন্নয়নকে তুলে ধরার উদ্দেশ্যে এবং সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণার বাস্তবসম্মত বাস্তবায়নের অংশ হিসেবে, সশস্ত্র সংঘাত হতে সৃষ্ট আতঙ্ক ও উন্নয়নের উপর এর নেতিবাচক প্রভাব কমানোর জন্য বিভিন্ন দেশের গ্রহণকৃত প্রচেষ্টার প্রতি সমর্থন জ্ঞাপন করছি।

আমরা সশস্ত্র সংঘাত প্রতিরোধ ও হ্রাস করার কার্যক্রম প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নে জেন্ডার সাম্যতাকে, বিশেষ করে নারীদের অংশগ্রহণকে উৎসাহ দিচ্ছি।

আমরা স্বীকৃতি জ্ঞাপন করছি যে, কার্যকরভাবে সশস্ত্র সংঘাতের আতঙ্ক, ও আর্থ-সামাজিক ও মানব-উন্নয়নের উপর এর প্রভাব কমাবার উদ্দেশ্যে বিস্তৃত ও সমন্বিত ব্যবস্থাসমূহকে তুলে ধরার জন্য রাষ্ট্র, আন্তর্জাতিক, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক সংগঠনসমূহ এবং সুশীল সমাজের মধ্যে জোটবদ্ধতা অত্যাবশ্যকীয়।

আমরা জেনেভা ঘোষণাতে আলোকপাত করা দেশসমূহের সরকার কর্তৃক, সুনির্দিষ্ট প্রকল্পের সহায়তায় সশস্ত্র সংঘাত প্রতিরোধ ও হ্রাস করা এবং টেকসই উন্নয়নকে ত্বরান্বিত করার মাধ্যমে জেনেভা ঘোষণার লক্ষ্যমাত্রাগুলো বাস্তবায়নের উদ্যোগকে স্বাগত জানাচ্ছি।

আমরা সশস্ত্র সংঘাত প্রতিরোধ ও হ্রাস করার উদ্দেশ্য জাতীয় ও স্থানীয় পর্যায়ে উদ্যোগ নেবার জন্য রাষ্ট্র ও উপযুক্ত আন্তর্জাতিক এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক প্রতিষ্ঠানসমূহকে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে অনুরোধ পাওয়া সাপেক্ষে, যেখানে প্রয়োজন, প্রায়োগিক কৌশল সংক্রান্ত সাহায্য ও আর্থিক সাহায্যসহ অন্যান্য সহায়তা প্রদানকে বিবেচনায় আনার জন্য উৎসাহ দিচ্ছি; একই সাথে স্বীকৃতি জ্ঞাপন করছি যে, দক্ষিণ-দক্ষিণ সহযোগিতা এই ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখতে পারে।

আমরা ব্যক্ত করছি যে, কোন নির্দিষ্ট দেশের প্রতিকূল নিরাপত্তা অবস্থা যদি সশস্ত্র সংঘাত প্রতিরোধ হ্রাস করার উদ্যোগসমূহের বাস্তবায়নকে বাধা দেয়, তারপরেও এটি প্রায়োগিক কৌশলগত ও আর্থিক সাহায্য প্রদানের ক্ষেত্রে কোন শর্ত হিসেবে ব্যবহার করা হবেনা।

আমরা বিবেচনায় রাখছি, ২০০৫ সালের OECD Development Assistance Committee'র সিদ্ধান্তকে , যার কারণে সশস্ত্র সংঘাত প্রতিরোধ ও হ্রাস সংক্রান্ত কিছু বিশেষ কার্যক্রম Official Development Assistance পাবার জন্য উপযুক্ত বিবেচিত হয়েছিলো।

আমরা উন্নয়ন, শান্তি ও নিরাপত্তা, ও মানবাধিকারকে এগিয়ে নেবার জন্য, এবং সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাগুলোর সম্পূরক হিসেবে সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংশ্লিষ্ট সামগ্রিক লক্ষ্যমাত্রা, উদ্দেশ্যসমূহ ও পরিমাপণীয় নির্দেশক উন্নয়নের জন্য, সহস্রাব্দ ঘোষণা ও 2005 World Summit Outcome (জাতিসংঘ সিদ্ধান্ত নং ৬০/১) এ বর্ণীত অঙ্গীকারসমূহ পুনরায় ব্যক্ত করছি।

সশস্ত্র সংঘাত হ্রাসকে ত্বরান্বিত করার জন্য জাতিসংঘের প্রচেষ্টাসমূহের, বিশেষ করে UN Programme of Action to Prevent, Combat and Eradicate the Illicit Trade in Small Arms and Light Weapons in All Its Aspects'র, বাস্তবায়নের প্রতি আমরা সমর্থন জ্ঞাপন করছি।

জাতিসংঘের সাধারণ অধিবেশনসহ সমস্ত উপযুক্ত সম্মেলন বা মঞ্চে সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণার লক্ষ্যমাত্রাগুলোকে তুলে ধরার প্রচেষ্টাকে সমর্থন দিতে ও অব্যাহত রাখতে আমরা আমাদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ।

আমরা উৎসাহ প্রদান করছি সেই সমস্ত রাষ্ট্রকে যারা সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণা গ্রহণের মাধ্যমে আন্তর্জাতিক, আঞ্চলিক, উপ-আঞ্চলিক ও জাতীয় পর্যায়ে জেনেভা ঘোষণার লক্ষ্যমাত্রা ও আদর্শসমূহ প্রচারের প্রচষ্টাকে সমর্থন দিচ্ছে ও তা অব্যাহত রাখছে।

সশস্ত্র সংঘাত ও উন্নয়ন সংক্রান্ত জেনেভা ঘোষণা বাস্তবায়নের ব্যপারে আমরা আমাদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ এবং এই প্রেক্ষিতে, আমরা সমস্ত সাধারণ লক্ষ্যমাত্রাগুলো অর্জনের অগ্রগতি মুল্যায়নের উদ্দেশ্যে ২০১১ সালের মধ্যে মিলিত হবার জন্য একমত হয়েছি।

জেনেভা, ১২ সেপ্টেম্বর ২০০৮